Md. Anwar Hossain
Administrator

BGMEA

বিজিএ/সিএমসি/২০২৫/১১৮

তারিখ ঃ ২৯ মে, ২০২৫

# সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ আনন্দঘন উৎসবমুখর পরিবেশে শ্রমিক-মালিক সকলে মিলে আসন্ন ঈদ-উল-আজহা সম্পর্কিত কতিপয় সরকারী নির্দেশনা।

বিজিএমইএ'র সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উল্লেখিত বিষয়ের আলোকে বিজিএমইএ থেকে গত ২৬শে মে, ২০২৫ তারিখ, সূত্র নং-বিজিএ/সিএমসি/২০২৫/১১৩ অনুযায়ী ইস্যুকৃত সার্কুলারের কতিপয় সংশোধনী নিম্নে উপস্থাপন করা হলোঃ

- শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২০শে মে ২০২৫ তারিখে ইস্যুকৃত স্মারক নং-৪০.০০.০০০০.০৪২.৯৯.০০১.২২-৩২৯ মোতাবেক কারখানা কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের আসন্ন ঈদ-উল-আজহার ছুটির বিষয়ে শ্রম আইন ২০০৬ এর ১১৮ ধারা ও বিধিমালা ২০১৫ এর ১১০ বিধির আলোকে ঈদ-উল-আজহার জন্য নির্ধারিত ছুটি, অতঃপর সাপ্তাহিক ছুটি এবং প্রয়োজনে শ্রমিক পক্ষের সাথে আলোচনা করে জেনারেল ডিউটি অথবা অর্জিত ছুটির সাথে সমন্বয় করে ঈদ-উল-আজহা উপলক্ষ্যে সর্বমোট ছুটি নির্ধারণ করা যাবে।

- সরকারী সিদ্ধান্ত মোতাবেক ৩রা জুন'২৫ তারিখের মধ্যে শ্রমিক-কর্মচারীদের মে'২৫ মাসের মজুরী পরিশোধ করবেন। তবে কারখানার প্রোডাকশান, শিপমেন্ট এবং শ্রমিক পক্ষের সাথে কথা বলে প্রয়োজনে ঈদের ছুটির পূর্বে মে'২৫ মাসের মজুরী পরিশোধ করা যাবে। সে ক্ষেত্রে কারখানা কর্তৃপক্ষ কোন প্রকার শ্রম অসন্তোষ সংঘটিত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।

আপনাদের সার্বিক সহযোগীতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

মোঃ আনোয়ার হোসেন
প্রশাসক, বিজিএমইএ।